তারিখ ... 05 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

দৈনিক ইনকিলাব

## চট্টগ্রাম ভার্সিটিতে জাতীয় শিক্ষা সপ্তাহ ৯ আগস্ট থেকে শুরু হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার, (চট্টগ্রাম) ৪ আগস্ট ঃ আগামী ৯ আগস্ট থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জাতীয় শিক্ষা সপ্তাহ শুরু হবে। ঐদিন সকাল ১০টায় চাকসু কেন্দ্রে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী উদ্বোধনের মাধ্যমে শিক্ষা সপ্তাহের সূচনা করবেন ভিসি প্রফেসর আবদুল মান্নান। এছাড়া ১৩ আগস্ট ছাত্র-ছাত্রীদের উপস্থিত বক্তৃতা, দেশাত্ববোধক গান ও তাৎক্ষণিক অভিনয় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, ১৪ আগস্ট আলোচনা সভা ও পুরস্কার বিতরণ।

**প্রফেসর তরফদারের ইন্তেকালে শোক**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের একাডেমিক কমিটির এক সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রবীণ প্রফেসর ইতিহাসবিদ মমতাজুর রহমান তরফদারের আকস্মিক ইন্তেকালে গভীর শোক প্রকাশ করা হয়।